(২৫) চামড়া ও বস্ত্র শিল্পে ব্যবহারের উদ্দেশ্যে পরিবেশবান্ধব এনজাইম উৎপাদন পদ্ধতি উন্নয়নের লক্ষ্যে বিগত অর্ধবছরে কেরাটিনেজ ও এমাইলেজ এনজাইম উৎপাদনে সক্ষম ৬টি ব্যাকটেরিয়ার পূর্ণাঙ্গ জিনোম সিকোয়েন্স সম্পন্ন করা হয়েছে। এমাইলেজ ও কেরাটিনেজ এনজাইম উৎপাদনকারী জীন শনাক্তকরণ করা হয়েছে এবং এমাইলেজ এনজাইম উৎপাদনকারী *Bacillus subtilis* ব্যাকটেরিয়া হতে কাম্বিকৃত জিন আলাদা করে Expression vector এর মাধ্যমে *E. coli* system এ ট্রান্সফার করা হয়েছে। মাটির নমুনা হতে এলকালোইন প্রোটিনেজ, ফাইটেজ, পেকটিনেজ ও লাইপেজ এনজাইম উৎপাদন সক্ষম অণুজীব পৃথক করা হয়েছে। এছাড়া, অ্যান্টিমাইক্রোবিয়াল কম্পাউন্ড উৎপাদনকারী ব্যাকটেরিয়া পৃথকীকরণ ও শনাক্তকরণের উদ্দেশ্যে সিলেটের রাতারগুল এবং সুন্দরবনের বিভিন্ন স্থান হতে ১৩০টি মাটির নমুনা সংগ্রহ করা হয়েছে। এসব নমুনা হতে ১২০টি ব্যাকটেরিয়া পৃথক করে অ্যান্টিমাইক্রোবিয়াল সক্ষমতা যাচাই করা হয়েছে। ১২ টি রেফারেন্স ব্যাকটেরিয়ার বিরুদ্ধে প্রাইমারী স্ক্রিনিং এ ৩৯টি এবং সেকেন্ডারী স্ক্রিনিং এ ১১টি ব্যাকটেরিয়ার অ্যান্টিমাইক্রোবিয়াল সক্ষমতা পাওয়া গেছে।

(২৬) টাইপ-২ ডায়াবেটিস ম্যালাইটাস সংশ্লিষ্ট জেনেটিক ভ্যারিয়েন্ট-এর সাথে বাংলাদেশি মহিলাদের গর্ভকালীন ডায়াবেটিসের সংশ্লিষ্টতা নির্ণয় শীর্ষক প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্ধবছর পর্যন্ত প্রায় ৫০০ জন গর্ভবতী মহিলার রক্ত নমুনা সংগ্রহ করে ডিএনএ পৃথকীকরণ সম্পন্ন হয়েছে। দশটি জেনেটিক ভ্যারিয়েন্ট-এর জন্য উক্ত ডিএনএ নমুনার প্রায় ৫০০০টি পলিমারেজ চেইন রিয়াকশন (PCR) এবং জেনেটিক ভ্যারিয়েন্ট শনাক্তকরণ সম্পন্ন হয়েছে। প্রাপ্ত ফলাফল আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে।

(২৭) 'ন্যাশনাল জীন ব্যাংক স্থাপন' শীর্ষক স্থাপন প্রকল্পের অর্থায়নে একটি প্রকল্প পরিচালিত হচ্ছে। পার্বত্য অঞ্চলের বিভিন্ন ঔষধি উদ্ভিদের বৈশিষ্ট্যের সন্ধান, শনাক্তকরণ এবং প্রায়োগিক ক্ষেত্র খুঁজে বের করে একটি ডাটাবেজ তৈরি এই প্রকল্পের উদ্দেশ্য। উক্ত প্রকল্পের আওতায় রাজামাটি ও বান্দরবান হতে মোট ১৩৩টি ঔষধি উদ্ভিদের এর নমুনা সংগ্রহ করে মলিকুলার পদ্ধতিতে প্রজাতি শনাক্তকরণ এবং অ্যান্টিবায়োটিক প্রতিরোধী কার্যকারিতা পর্যবেক্ষণ করা হচ্ছে। আরও, মলিকুলার বায়োটেকনোলজি বিভাগে NCBI ডাটাবেজ হতে HMG-coA Reductase জিনের (কোলেস্টেরল তৈরিতে সম্পৃক্ত) ৩৮৮টি Missense SNP নির্বাচন করে *In silico* অ্যানালাইসিসের মাধ্যমে ৭টি ক্ষতিকারক SNP নির্ণয় করা হয়। এর মধ্যে সর্বাধিক ক্ষতিকারক ২টি Missense SNP নির্বাচন করে বাংলাদেশি জনগণের মধ্যে এদের উপস্থিতি নির্ণয়ের কাজ চলমান আছে। এ লক্ষ্যে এ পর্যন্ত পাঁচ শতাধিক নমুনা সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত ফলাফলের একাংশ আন্তর্জাতিক জার্নালে প্রকাশিত হয়েছে। এছাড়া, CRISPR/Cas9 জিনোম এডিটিং পদ্ধতিতে ডায়াবেটিক রোগীদের খাদ্যোপযোগী ধান উদ্ভাবন করার প্রচেষ্টা চলছে। ইতোমধ্যে gRNA-tRNA processing unit এর ক্লোনিং সফলভাবে সম্পন্ন হয়েছে। পাশাপাশি, এন্টিবায়োটিক গুণাবলি সম্পন্ন ব্যাক্টেরিওফাজ-এনকোডেড এন্ডোলাইসিন উৎপাদনের চেষ্টা করা হচ্ছে। সফলভাবে একটি এন্ডোলাইসিনের এক্সপ্রেশন সম্পন্ন হয়েছে। আরও, ব্রেস্ট ক্যান্সারের বায়োমার্কার শনাক্তকরণের কাজ চলছে। এর নিমিত্তে ব্রেস্ট ক্যান্সার টিস্যুতে ডিফারেনশিয়াল জিন এক্সপ্রেশন এনালাইসিসের কাজ অব্যাহত আছে।

(২৮) মলিকুলার বায়োটেকনোলজি বিভাগের তত্ত্বাবধানে এনআইবি থেকে জাতীয়ভাবে COVID-19 রোগ শনাক্তকরণ সেবা প্রদান করা হচ্ছে। এখন পর্যন্ত প্রায় ৩০ হাজারের অধিক নমুনার শনাক্তকরণ পরীক্ষা সম্পন্ন হয়েছে। এছাড়াও, SARS-CoV-2 ভাইরাস এর পূর্ণাঙ্গ জিনোম সিকোয়েন্স উন্মোচন করা হয়েছে এবং COVID-19 রোগ শনাক্তকরণের জন্য qRT-PCR ডায়াগনস্টিক কিট উদ্ভাবনের কাজ চলমান আছে। একইসাথে এই বিভাগে SARS-CoV-2 এর জেনেটিক মিউটেশন শনাক্তকরণ ও এদের প্রভাব নিরূপণে গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে।

(২৯) ঘৃতকুমারীর নতুন জাত উন্নয়নের লক্ষ্যে একটি ভ্যারিয়েন্টের চারা টিস্যু কালচারের মাধ্যমে উৎপাদন করা হয়েছে। বর্তমানে দেশের কয়েকটি স্থানে এদের মাঠ পর্যায়ে সক্ষমতা মূল্যায়ন করা হচ্ছে। এছাড়া, বাংলাদেশে চাষকৃত ঘৃতকুমারীর লিফ স্পট ও টিপ রট ডিজিজের জন্য দায়ী প্রায় ৪০টি ছত্রাক শনাক্ত করা হয়েছে। এদের মধ্যে এই রোগ সৃষ্টিতে কয়েকটি জীবাণুর ভূমিকা এনআইবি'র গবেষণা থেকে প্রথমবারের মত জানা গেছে। এনআইবি এর গবেষণা মাঠে সংগৃহীত কালো এলাচের চারায় ফল এসেছে। কালো এলাচের টিস্যু কালচার ল্যাবরেটরি থেকে গবেষণা মাঠ পর্যন্ত সফল হয়েছে। শিম বাংলাদেশের দ্রুতবর্ধনশীল এবং খরা সহনশীল একটি শীতকালীন সবজি। বাংলাদেশে শিমের বিভিন্ন গুরুত্বপূর্ণ জাত রয়েছে। যেগুলোর মলিকুলার লেভেলে শনাক্তকরণ হয় নাই। তাছাড়া দেশীয় শিমের বিভিন্ন বৈশিষ্ট্যের সাথে জিনের রহস্যও অজানা। এই কাজের জন্য দেশের বিভিন্ন জায়গা থেকে ৭০টি শিমের জাত সংগ্রহ করা হয়েছে। সেগুলো এনআইবি'র মাঠে লাগানো হয়েছে। সেখান থেকে বিভিন্ন শারীরবৃত্তীয় এবং অঙ্গসংস্থানিক বৈশিষ্ট্যের তথ্য উপাত্ত সংগ্রহ করা হচ্ছে।

বারকোডিং এর জন্য এপর্যন্ত তিনটি বারকোডিং প্রাইমার (trnT-trnL, rbcl and ITS2) শিমের গাছের মলিকুলার লেভেলে শনাক্তকরণের জন্য পিসিআর এবং সিকোয়েন্সিং সম্পন্ন হয়েছে। এছাড়া শিম গাছের স্টেম টলারেপ, নডিউলের নাইট্রোজেন ফিক্সিং ব্যাক্টেরিয়ার মেটাজিনোমিক্স স্টাডি, রোগ সৃষ্টিকারি এজেন্ট শনাক্তকরণ এবং টিস্যু কালচারের মাধ্যমে সবচেয়ে উপযোগি জাত নির্বাচন ও উন্নয়ন কাজ চলমান। পীড়ন-সহিষ্ণু জিন শনাক্তকরণ এবং জেনেটিক ইঞ্জিনিয়ারিং এর মাধ্যমে প্রতিকূল পরিবেশ-সহিষ্ণু ট্রান্সজেনিক বেগুনের জাত উন্নয়নের জন্য সফলভাবে জিন ট্রান্সফার সম্পন্ন হয়েছে। এছাড়া আইসিজিবি'র অর্থায়নে পরিচালিত গবেষণার মাধ্যমে বেটাক্যারোটিন সমৃদ্ধ বেগুন উদ্ভাবনের কাজ চলমান আছে।

(৩০) বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে নিয়োজিত বিজ্ঞানী, প্রকৌশলী ও জুনিয়র কনসালটেন্টগণ কর্তৃক রূপপুর রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের ইউনিট-১ ও ইউনিট-২ এর রিঅ্যাক্টর ভবনসহ অন্যান্য সহায়ক ভৌত অবকাঠামোগত উন্নয়নে নিয়ন্ত্রণমূলক তদারকি ও কাজের মান যাচাই কার্যক্রম চলমান।

(৩১) রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ প্রকল্পের ইউনিট-১ এর রিঅ্যাক্টর ভবনের ৪টি Reactor Coolant Pump (RCP)-এর installation এর কাজ চলছে এবং একটি pressurizer স্থাপন করা হয়েছে। রিঅ্যাক্টরের ১২টি Hydro accumulator এর installation এর কাজ চলমান আছে। Inner containment wall এর NDT এর কাজ +38m to +43m পর্যন্ত সম্পন্ন হয়েছে এবং inner containment wall এর Dome এর নীচের অংশের reinforcement frame work এর কাজ চলমান আছে। ইউনিট-১ এর cooling tower IIURA এবং 12URA এর রেকার কলাম স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত জুনিয়র কনসালটেন্টগণ সার্বক্ষণিকভাবে উক্ত কর্মকাণ্ড পর্যবেক্ষণ এবং Regulatory inspection কার্যক্রম সম্পাদন করেন।

(৩২) গত ১৩-২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের ইউনিট-০১ এর Reactor Pressure Vessel Installation এর সময়ে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিয়ন্ত্রণমূলক কাজের অংশ হিসেবে Regulatory Inspection কার্যক্রম সম্পাদন করা হয়। উক্ত Regulatory Inspection-এ JSC "Vo "Safety"-এর ০৭ জন বিশেষজ্ঞসহ কর্তৃপক্ষের ০৯ জন বিজ্ঞানী/প্রকৌশলী অংশগ্রহণ করেন।

(৩৩) গত ২১ অক্টোবর ২০২১ ইং তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের AERE, Savar-এর Health Physics and Radioactive Waste Management Unit (HPRWMU)-এ একটি Safeguards Inspection-এর কাজ সম্পাদন করা হয়।

(৩৪) ০৯ জানুয়ারি ২০২২ হতে ২০ জানুয়ারি ২০২২ তারিখ পর্যন্ত রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণ প্রকল্পের আওতায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের 10UJA Building এর MCP (Main Circulation Pipeline) এর "Fitting and Assembly" সংক্রান্ত কার্যক্রমে Regulatory Inspection.

(৩৫) সাভারে অবস্থিত AERE 3 MW TRIGA MK-II Research Reactor এর ০৬ জন বিজ্ঞানী/প্রকৌশলীগণের Reactor Operator (RO) License এর জন্য Written Exam, Console Test এবং Viva & Walk-down পরীক্ষার মূল্যায়ণ এবং রেজাল্ট চূড়ান্ত করা হয়েছে।

(৩৬) ১৬১টি নিউক্লীয় স্থাপনার নিয়ন্ত্রণমূলক পরিদর্শন; দেশব্যাপী মেডিকেল, শিল্প, গবেষণা ও কৃষি কাজে ব্যবহৃত বিকিরণ উৎস ও অন্যান্য কর্মকান্ডের বিকিরণ সুরক্ষা নিশ্চিতকল্পে বাপশনি আইন-২০১২ অনুযায়ী ২০৯টিনতুন লাইসেন্স প্রদান; ২০৭৯টি লাইসেন্স নবায়ন, ৬২১টি বিকিরণ উৎসের আমদানি/রপ্তানি পারমিট ও এনওসি প্রদান, ১৬০টি আরসিও (RCO) নতুন সনদ প্রদান, ৩৫২টি আরসিও (RCO) সনদ নবায়ন এবং ১৭৫টি এক্স-রে স্থাপনা ও তেজস্ক্রিয় পদার্থসহ অন্যান্য কর্মকান্ডের পরিদর্শন করা হয়েছে। ফ্যাসিলিটি অপারেটরদের জন্য বিকিরণ সংক্রান্ত বিষয়ে ৬টি প্রশিক্ষণ কোর্স/কর্মশালার আয়োজন করে ১৯০ জনক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রতিবেদনকালে বর্ণিত সেবা প্রদান করে মোট ১১ কোটি ৯৯ লক্ষ ৬ হাজার ২৫৪ টাকা রাজস্ব আয় করা হয়েছে।

(৩৭) নিউক্লিয়ার পাওয়ার কোম্পানি অব বাংলাদেশ লিমিটেড (এপিসিবিএল) এ ২০২১-২০২২ অর্থবছরে মোট ২১টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পর এর সুষ্ঠু পরিচালনার স্বার্থে দক্ষ জনবল তৈরির নিমিত্ত ২০২১-২২ অর্থবছরে ১৯১ জন কর্মকর্তা নিয়োগ করা হয়েছে-

(৩৮) বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউটের বিজ্ঞানীগণ সেন্টমার্টিন দ্বীপের ২৫ বর্গকিলোমিটার এলাকার ফিজিক্যাল ও স্পেস ওশানোগ্রাফি, বায়োলজিক্যাল ওশানোগ্রাফি, কেমিক্যাল ওশানোগ্রাফি, জিওলজিক্যাল ওশানোগ্রাফি, ইনভায়রনমেন্টাল ওশানোগ্রাফি এবং ওশানোগ্রাফিক ডাটা সেন্টার বিষয়ে গবেষণার জন্য ৮টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ৩৩ জন ছাত্রছাত্রীক মাতাকোত্তর পর্যায়ে থিসিস কার্যক্রমে সহায়তা করা হয়েছে, ৬টি প্রতিষ্ঠানকে বিশ্লেষণ সেবা এবং ২টি প্রতিষ্ঠানকে পরামর্শক সেবা প্রদান করা হয়েছে।

(৩৯) ফিজিক্যাল ও স্পেস ওশানোগ্রাফি বিভাগের অধীনে Blue Carbon stock assessment in the Moheshkhali Channel and the Naf river estuary of Bangladesh এবং Distribution Mechanism of Physicochemical Parameters in Moheshkhali Estuary, Northern Bay of Bengal বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।

(৪০) জিওলজিক্যাল ওশানোগ্রাফি বিভাগের অধীনে Determination of Sedimentological & Mineralogical Distribution to delineate sedimentary process of the Nearshore Area of Maheshkhali-Kutubdia, Bangladesh বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।

(৪১) কেমিক্যাল ওশানোগ্রাফি বিভাগের অধীনে Influence of Physico-chemical Parameters on Abundance and Distribution of Plankton Composition along the East Coast of Bay of Bengal বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।

(৪২) বায়োলজিক্যাল ওশানোগ্রাফি বিভাগের অধীনে Explore agarophyte to optimization of Phycocolloids and continuation of taxonomic baseline study বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।

(৪৩) এনভায়রনমেন্টাল ওশানোগ্রাফি ও ক্লাইমেট বিভাগের অধীনে Status of Oil-Grease and BTEX in the South Eastern Coastal water of Banglades, Biogeochemical Process of Cox's Bazar's different Estuaries (Naf, Rejukhal, Moheshkhali Channel): Assessing its feasibility study for aquaculture এবং Assessing the microplastic distribution in water, sediment and fish species in the coastal region of Cox's Bazar বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।

(৪৪) ওশানোগ্রাফিক ডাটা সেন্টার বিভাগের অধীনে Application of Different Statistical Sampling Design to Identify Best Data Collection Method in the Costal Marine Ecosystem A Comparative Study বিষয়ে গবেষণা কার্যক্রম চলমান রয়েছে।

(৪৫) বাংলাদেশ রেফারেন্স ইন্সটিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস (বিআরআইসিএম) কর্তৃক বাংলাদেশে এই প্রথম রেফারেন্স ম্যাটেরিয়ালস/ রেফারেন্স স্ট্যান্ডার্ড তৈরী করেছে। ঔষধ শিল্পে পণ্য উৎপাদন মান নিয়ন্ত্রণের জন্য উদ্ভাবিত এই রেফারেন্স স্ট্যান্ডার্ড ব্যবহৃত হয়। বিদেশে রপ্তানিযোগ্য ঔষধ উৎপাদনের ক্ষেত্রে এই রেফারেন্স স্ট্যান্ডার্ড ব্যবহার বাধ্যতামূলক যা ফার্মাসিউটিক্যালগুলো বৈদেশিক মুদ্রা ব্যয়ে আমদানি করে থাকে। এ পর্যায়ে প্যারাসিটামল ও ডাইক্লোফেনাক উৎপাদন কাজে ব্যবহৃত Acetaminophen ও Dichlofenac Na প্রস্তুত করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে সংশ্লিষ্ট ফার্মাসিউটিক্যালগুলোতে এই রেফারেন্স স্ট্যান্ডার্ড সৌজন্য হিসেবে প্রদান করা হয়েছে।

(৪৬) হাসপাতাল ও মেডিক্যাল ডায়াগনস্টিক ল্যাবগুলোতে ব্যবহৃত যন্ত্রপাতি যথানিয়মে ক্যালিব্রেশন করা স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের একটি বিশেষ পূর্বশর্ত। বিআরআইসিএম প্রথমবারের মত দেশে এই facility তৈরী করার মাধ্যমে এই ক্যালিব্রেশনের সংস্কৃতি দেশে চালু করার উদ্যোগ গ্রহণ করেছে। সে অনুযায়ী এ পর্যন্ত ৩২ ধরনের যন্ত্রপাতি ক্যালিব্রেশনের সুযোগ সৃষ্টি করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে ০৬টি হাসপাতালে ব্যবহৃত বায়োমেডিক্যাল ইকুইপমেন্ট ক্যালিব্রেশন সেবা সৌজন্য হিসেবে প্রদান করা হয়েছে।

(৪৭) ক্যান্সার বা অন্য কোন জটিল রোগের চিকিৎসায় গলায় অপারেশনের ক্ষেত্রে কথা বলা চালু রাখার লক্ষ্যে স্পিকিং ভালভ স্থাপন করা হয়ে থাকে। এই স্পিকিং ভালভ বর্তমানে বিদেশ থেকে আমদানি করা হয়। এই স্পিকিং ভালভ স্থাপন ব্যয় সাপেক্ষ বিধায় অসচ্ছল রোগীদের যথেষ্ট সমস্যায় পড়তে হয়। এই বাস্তবতা বিবেচনায় বিআরআইসিএম স্বল্প মূল্যে স্পিকিং ভালভ উদ্ভাবন করেছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে দেশব্যাপী সংশ্লিষ্ট অসচ্ছল রোগীদের এই স্পিকিং ভালভ বিনামূল্যে বিতরণ করা হয়েছে।

(৪৮) অ্যাক্রিডিটেশনের ক্ষেত্রে ল্যাবরেটরি স্ট্যান্ডার্ড ISO/IEC 17025 অর্জনের ক্ষেত্রে একটি অন্যতম বাধা এই বিষয়ে পর্যাপ্ত জ্ঞান ও প্রশিক্ষণের অভাব। বিআরআইসিএম ইন্ডাস্ট্রির জন্য ISO/IEC 17025 বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করে থাকে। বাংলাদেশ অ্যাক্রিডিটেশন বোর্ডের সকল স্তরের কর্মকর্তা বিআরআইসিএম (পূর্বতন ডিআরআইসিএম) থেকে এই প্রশিক্ষণ গ্রহণ। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে কমপক্ষে ৫০ জন laboratory personnel-কে ISO/IEC 17025 বিষয়ে সৌজন্য হিসেবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৪৯) বিজ্ঞান মনস্ক জাতি গঠনে নতুন প্রজন্মকে কেমিক্যাল মেট্রোলজির গুরুত্ব ও হাতে-কলমে এর ব্যবহার বিষয়ে সচেতন করে তোলার লক্ষ্যে দেশব্যাপী বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াডের আয়োজন করা হয়েছে। প্রাথমিক বাছাইপর্বে অংশগ্রহণের জন্য কয়েক হাজার ছাত্র-ছাত্রী অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করেছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে আয়োজিত এই অলিম্পিয়াডের

নামকরণ করা হয়েছে বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড। “বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড ২০২২”-এর ফাইনাল রাউন্ড ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২১/০৫/২০২২ তারিখে সম্পন্ন করা হয়েছে।

(৫০) ২৭টি প্রফিসিয়েন্সি টেস্টিং প্রোগ্রাম আয়োজন করা হয়েছে এবং শিল্প/বাণিজ্যিক পণ্য/ পদার্থের ৫৩০২টি বিশ্লেষণসেবা / ক্যালিব্রেশনসেবা প্রদান করা হয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন

- (১) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপনের অংশ হিসেবে ন্যাশনাল ইন্সটিটিউট অব বায়োটেকনোলজি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন, শিশু-কিশোরদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা ও দোয়া মাহফিল এবং “বঙ্গবন্ধু” বিষয়ে আবৃত্তির আয়োজন করা হয়। এছাড়া বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে আড়ম্বরপূর্ণ পরিবেশে কেক কাটা হয়।
- (২) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে অবস্থিত বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ১৫টি পরমাণু চিকিৎসা কেন্দ্রের (নিনমাস ও ইনমাস) মাধ্যমে বছরব্যাপী প্রতিমাসের ১ম মঙ্গলবার বিনামূল্যে রোগীদের নির্দিষ্ট সংখ্যক সেবা প্রদান হয়েছে। বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে ১৭ মার্চ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, সাভারে চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার বিতরণ, ডকুমেন্টারি প্রদর্শন এবং বাপশক প্রধান কার্যালয়সহ সকল কেন্দ্র/প্রতিষ্ঠানে আলোকসজ্জা করা হয়। সাভারস্থ এইআরই স্কুল অ্যান্ড কলেজের বিভিন্ন শ্রেণির ছাত্র-ছাত্রীদের পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানের বিভিন্ন গবেষণাগার স্বরীরে ও ভারুয়ালি পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ ও বঙ্গবন্ধু বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয়। এছাড়া, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে বাপশক প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে। উক্ত কর্ণারে জাতির পিতার লিখিত ও তাঁর জীবনাদর্শ সম্পর্কে অন্যান্য লেখকের প্রকাশিত বই প্রদর্শিত রয়েছে। মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে “জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।
- (৩) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর হতে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর রচনা প্রতিযোগিতা, বিজ্ঞানবিষয়ক বক্তৃতা প্রতিযোগিতা এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নবনির্মিত বঙ্গবন্ধু কর্ণার ও ভিআর কর্ণার স্থাপন করা হয়েছে। সমগ্র জাদুঘর ক্যাম্পাসে সবুজায়ন, পরিবেশ উন্নয়ন এবং বৃক্ষরোপন কার্যক্রম জোরদারকরণ করা হয়েছে।
- (৪) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে বঙ্গবন্ধু কর্ণার এবং সায়েন্টিফিক লাইব্রেরি স্থাপন করা হয়েছে। এছাড়া, মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে ‘শ্রদ্ধার্থ’ শিরোনামে ১০ মিনিটের একটি প্রামাণ্য চিত্র নির্মাণ করে প্রদর্শন করা হয়েছে।
- (৫) বাংলাদেশ রিফারেন্স ইন্সটিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস (বিআরআইসিএম) কর্তৃক বাংলাদেশে এই প্রথম রেফারেন্স ম্যাটেরিয়ালস/ রেফারেন্স স্ট্যান্ডার্ড তৈরী করেছে। ঔষধ শিল্পে পণ্য উৎপাদন মান নিয়ন্ত্রণের জন্য উদ্ভাবিত এই রেফারেন্স স্ট্যান্ডার্ড ব্যবহৃত হয়। এ পর্যায়ে প্যারাসিটামল ও ডাইক্লোফেনাক উৎপাদন কাজে ব্যবহৃত Acetaminophen ও Dichlofenac Na প্রস্তুত করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে সংশ্লিষ্ট ফার্মাসিউটিক্যালগুলোতে এই রেফারেন্স স্ট্যান্ডার্ড সৌজন্য হিসেবে প্রদান করা হয়েছে।
- (৬) হাসপাতাল ও মেডিক্যাল ডায়াগনস্টিক ল্যাবগুলোতে ব্যবহৃত যন্ত্রপাতি যথানিয়মে ক্যালিব্রেশন করা স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের একটি বিশেষ পূর্বশর্ত। বিআরআইসিএম প্রথমবারের মত দেশে এই facility তৈরী করার মাধ্যমে এই ক্যালিব্রেশনের সংস্কৃতি দেশে চালু করার উদ্যোগ গ্রহণ করেছে। সে অনুযায়ী এ পর্যন্ত ৩২ ধরনের যন্ত্রপাতি ক্যালিব্রেশনের সুযোগ সৃষ্টি করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে ০৬টি হাসপাতালে ব্যবহৃত বায়োমেডিক্যাল ইকুইপমেন্ট ক্যালিব্রেশন সেবা সৌজন্য হিসেবে প্রদান করা হয়েছে।
- (৭) ক্যাপার বা অন্য কোন জটিল রোগের চিকিৎসায় গলায় অপারেশনের ক্ষেত্রে কথা বলা চালু রাখার লক্ষ্যে স্পিকিং ভালভ স্থাপন করা হয়ে থাকে। এই স্পিকিং ভালভ বর্তমানে বিদেশ থেকে আমদানি করা হয়। এই স্পিকিং ভালভ স্থাপন ব্যয় সাপেক্ষে বিধায় অসচ্ছল রোগীদের যথেষ্ট সমস্যায় পড়তে হয়। এই বাস্তবতা বিবেচনায় বিআরআইসিএম স্বল্প মূল্যে স্পিকিং ভালভ উদ্ভাবন করেছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে দেশব্যাপী সংশ্লিষ্ট অসচ্ছল রোগীদের এই স্পিকিং ভালভ বিনামূল্যে বিতরণ করা হয়েছে।
- (৮) অ্যাক্রিডিটেশনের ক্ষেত্রে ল্যাবরেটরি স্ট্যান্ডার্ড ISO/IEC 17025 অর্জনের ক্ষেত্রে একটি অন্যতম বাধা এই বিষয়ে পর্যাপ্ত জ্ঞান ও প্রশিক্ষণের অভাব। বিআরআইসিএম ইন্সটিটিউটের জন্য ISO/IEC 17025 বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করে থাকে। বাংলাদেশ অ্যাক্রিডিটেশন বোর্ডের সকল স্তরের কর্মকর্তা বিআরআইসিএম (পূর্বতন ডিআরআইসিএম) থেকে এই প্রশিক্ষণ গ্রহণ করেছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে কমপক্ষে ৫০ জন laboratory personnel-কে ISO/IEC 17025 বিষয়ে সৌজন্য হিসেবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

নামকরণ করা হয়েছে বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড। “বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড ২০২২”-এর ফাইনাল রাউন্ড ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২১/০৫/২০২২ তারিখে সম্পন্ন করা হয়েছে।

(৫০) ২৭টি প্রফিসিয়েন্সি টেস্টিং প্রোগ্রাম আয়োজন করা হয়েছে এবং শিল্প/বাণিজ্যিক পণ্য/ পদার্থের ৫৩০২টি বিশ্লেষণসেবা / ক্যালিব্রেশনসেবা প্রদান করা হয়েছে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন

(১) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদযাপনের অংশ হিসেবে ন্যাশনাল ইন্সটিটিউট অব বায়োটেকনোলজি যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশন ও জাতীয় পতাকা উত্তোলন, শিশু-কিশোরদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতা, আলোচনা ও দোয়া মাহফিল এবং “বঙ্গবন্ধু” বিষয়ে আবৃত্তির আয়োজন করা হয়। এছাড়া বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে আড়ম্বরপূর্ণ পরিবেশে কেক কাটা হয়।

(২) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন কর্তৃক ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে অবস্থিত বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের ১৫টি পরমাণু চিকিৎসা কেন্দ্রের (নিনমাস ও ইনমাস) মাধ্যমে বছরব্যাপী প্রতিমাসের ১ম মঙ্গলবার বিনামূল্যে রোগীদের নির্দিষ্ট সংখ্যক সেবা প্রদান হয়েছে। বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষে ১৭ মার্চ পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠান, সাভারে চিত্রাঙ্কন প্রতিযোগিতা আয়োজন ও পুরস্কার বিতরণ, ডকুমেন্টারি প্রদর্শন এবং বাপশক প্রধান কার্যালয়সহ সকল কেন্দ্র/প্রতিষ্ঠানে আলোকসজ্জা করা হয়। সাভারস্থ এইআরই স্কুল অ্যান্ড কলেজের বিভিন্ন শ্রেণির ছাত্র-ছাত্রীদের পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানের বিভিন্ন গবেষণাগার স্বশরীরে ও ভার্চুয়ালি পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ ও বঙ্গবন্ধু বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন করা হয়। এছাড়া, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে বাপশক প্রধান কার্যালয়ে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা হয়েছে। উক্ত কর্ণারে জাতির পিতার লিখিত ও তাঁর জীবনাদর্শ সম্পর্কে অন্যান্য লেখকের প্রকাশিত বই প্রদর্শিত রয়েছে। মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে “জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

(৩) বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর হতে বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর রচনা প্রতিযোগিতা, বিজ্ঞানবিষয়ক বক্তৃতা প্রতিযোগিতা এবং কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। নবনির্মিত বঙ্গবন্ধু কর্ণার ও ভিআর কর্ণার স্থাপন করা হয়েছে। সমগ্র জাদুঘর ক্যাম্পাসে সবুজায়ন, পরিবেশ উন্নয়ন এবং বৃক্ষরোপন কার্যক্রম জোরদারকরণ করা হয়েছে।

(৪) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটারে বঙ্গবন্ধু কর্ণার এবং সায়েন্সিফিক লাইব্রেরি স্থাপন করা হয়েছে। এছাড়া, মুজিব জন্মশতবার্ষিকী উপলক্ষে ‘শ্রদ্ধার্থ’ শিরোনামে ১০ মিনিটের একটি প্রামাণ্য চিত্র নির্মাণ করে প্রদর্শন করা হয়েছে।

(৫) বাংলাদেশ রিফারেন্স ইন্সটিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস (বিআরআইসিএম) কর্তৃক বাংলাদেশে এই প্রথম রেফারেন্স ম্যাটেরিয়ালস/ রেফারেন্স স্ট্যান্ডার্ড তৈরী করেছে। ঔষধ শিল্পে পণ্য উৎপাদন মান নিয়ন্ত্রণের জন্য উদ্ভাবিত এই রেফারেন্স স্ট্যান্ডার্ড ব্যবহৃত হয়। এ পর্যায়ে প্যারাসিটামল ও ডাইক্লোফেনাক উৎপাদন কাজে ব্যবহৃত Acetaminophen ও Dichlofenac Na প্রস্তুত করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে সংশ্লিষ্ট ফার্মাসিউটিক্যালগুলোতে এই রেফারেন্স স্ট্যান্ডার্ড সৌজন্য হিসেবে প্রদান করা হয়েছে।

(৬) হাসপাতাল ও মেডিক্যাল ডায়াগনস্টিক ল্যাবগুলোতে ব্যবহৃত যন্ত্রপাতি যথানিয়মে ক্যালিব্রেশন করা স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের একটি বিশেষ পূর্বশর্ত। বিআরআইসিএম প্রথমবারের মত দেশে এই facility তৈরী করার মাধ্যমে এই ক্যালিব্রেশনের সংস্কৃতি দেশে চালু করার উদ্যোগ গ্রহণ করেছে। সে অনুযায়ী এ পর্যন্ত ৩২ ধরনের যন্ত্রপাতি ক্যালিব্রেশনের সুযোগ সৃষ্টি করা হয়েছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে ০৬টি হাসপাতালে ব্যবহৃত বায়োমেডিক্যাল ইকুইপমেন্ট ক্যালিব্রেশন সেবা সৌজন্য হিসেবে প্রদান করা হয়েছে।

(৭) ক্যাম্পার বা অন্য কোন জটিল রোগের চিকিৎসায় গলায় অপারেশনের ক্ষেত্রে কথা বলা চালু রাখার লক্ষ্যে স্পিকিং ভালভ স্থাপন করা হয়ে থাকে। এই স্পিকিং ভালভ বর্তমানে বিদেশ থেকে আমদানি করা হয়। এই স্পিকিং ভালভ স্থাপন ব্যয় সাপেক্ষ বিধায় অসচ্ছল রোগীদের যথেষ্ট সমস্যা পড়তে হয়। এই বাস্তবতা বিবেচনায় বিআরআইসিএম স্বল্প মূল্যে স্পিকিং ভালভ উদ্ভাবন করেছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে দেশব্যাপী সংশ্লিষ্ট অসচ্ছল রোগীদের এই স্পিকিং ভালভ বিনামূল্যে বিতরণ করা হয়েছে।

(৮) অ্যাক্রিডিটেশনের ক্ষেত্রে ল্যাবরেটরি স্ট্যান্ডার্ড ISO/IEC 17025 অর্জনের ক্ষেত্রে একটি অন্যতম বাধা এই বিষয়ে পর্যাপ্ত জ্ঞান ও প্রশিক্ষণের অভাব। বিআরআইসিএম ইন্ডাস্ট্রির জন্য ISO/IEC 17025 বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ প্রদান করে থাকে। বাংলাদেশ অ্যাক্রিডিটেশন বোর্ডের সকল স্তরের কর্মকর্তা বিআরআইসিএম (পূর্বতন ডিআরআইসিএম) থেকে এই প্রশিক্ষণ গ্রহণ করেছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে কমপক্ষে ৫০ জন laboratory personnel-কে ISO/IEC 17025 বিষয়ে সৌজন্য হিসেবে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

(৯) বিজ্ঞান মনস্ক জাতি গঠনে নতুন প্রজন্মকে কেমিক্যাল মেট্রোলজির গুরুত্ব ও হাতে-কলমে এর ব্যবহার বিষয়ে সচেতন করে তোলার জন্য স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে দেশব্যাপী বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াডের আয়োজন করা হয়েছে। “বঙ্গবন্ধু কেমিক্যাল মেট্রোলজি অলিম্পিয়াড ২০২২”-এর ফাইনাল রাউন্ড ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২১/০৫/২০২২ তারিখে সম্পন্ন করা হয়েছে।

৯.৩ ২০২১-২০২২ অর্থ বছরের মন্ত্রণালয়ের কার্যাবলি সম্পাদনে বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ (সাধারণ/রুটিন প্রকৃতির সমস্যা/সঙ্কট উল্লেখের প্রয়োজন নেই, উদাহরণ: পদ সৃষ্টি, শূন্য পদ পূরণ ইত্যাদি)

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত:

- ১০.১ ২০২১-২০২২ অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের আবদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?
মন্ত্রণালয়ের আবদ্ধ উদ্দেশ্যাবলি সন্তোষজনক ভাবে সাধিত হয়েছে।
- ১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ: প্রযোজ্য নয়
- ১০.৩ মন্ত্রণালয়ের আবদ্ধ উদ্দেশ্যাবলি আরও দক্ষতা ও সাফল্যের সঙ্গে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ: প্রযোজ্য নয়
- (১১) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে) : প্রযোজ্য নয়।
- ১১.১ কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদি: প্রযোজ্য নয়।
- ১১.২ কোন বিশেষ সামগ্রী/ সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের স্থিতিশীলতার ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কট হয়েছিল কি?
নিকট ভবিষ্যতে মারাত্মক কো সমস্যার আশঙ্কা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।
- ১১.৩ বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রযোজ্য নয়।
- ১১.৪ বিদ্যুৎ-এর গড় সিস্টেম লস (শতকরা হারে) : প্রযোজ্য নয়।
- ১১.৫ জ্বালানি তেলের সরবরাহ (মেট্রিক টন) : প্রযোজ্য নয়।
- ১১.৬ ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (লক্ষ গ্যালন) : প্রযোজ্য নয়।
- (১২) আইনশৃঙ্খলা বিষয়ক (জননিরাপত্তা বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।
- ১২.১ অপরাধ-সংক্রান্ত : প্রযোজ্য নয়।
- ১২.২ প্রতি লক্ষ জনসংখ্যায় সংঘটিত অপরাধের তুলনামূলক চিত্র : প্রযোজ্য নয়।
- ১২.৩ দ্রুত বিচার আইনের প্রয়োগ (৩০ জুন ২০২২ পর্যন্ত) : প্রযোজ্য নয়।
- ১২.৪ স্থল, নৌ ও আকাশ পথে বাংলাদেশে আগত বিদেশী নাগরিক (যাত্রী)-এর সংখ্যা (জননিরাপত্তা বিভাগ) : প্রযোজ্য নয়।
- ১২.৫ সীমান্ত সংঘর্ষের সংখ্যা : প্রযোজ্য নয়।
- ১২.৬ সীমান্তে বাংলাদেশের সাধারণ নাগরিক হত্যার সংখ্যা : প্রযোজ্য নয়।
- ১২.৭ ৩০ জুন ২০২২ তারিখে কারাগারে বন্দির সংখ্যা (সুরক্ষা সেবা বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।
- ১২.৮ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি (সুরক্ষা সেবা বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।
- (১৩) ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (আইন ও বিচার বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।
- (১৪) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।
- ১৪.১ সরাসরি বৈদেশিক বিনিয়োগ (ফরেন ডিরেক্ট ইনভেস্টমেন্ট) সংক্রান্ত : প্রযোজ্য নয়।
- (১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত (বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।


১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত):

প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকার হার	প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা

১৫.২ প্রকল্পের অবস্থা (১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত): প্রযোজ্য নয়।

শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা	প্রতিবেদনাধীন বছরে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বছরে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো

- ১৫.৩ জিডিপি প্রবৃদ্ধির হার (২০২১-২০২২) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- ১৫.৪ মাথা পিছু আয় (মার্কিন ডলারে) (২০২১-২২) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- ১৫.৫ দরিদ্র জনগোষ্ঠী সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- ১৫.৬ কর্মসংস্থান সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- (১৬) ঋণ ও অনুদান সংক্রান্ত তথ্য (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- (১৭) অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন) অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০২১-২২ বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থ বছরে (২০২১-২২) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি): প্রযোজ্য নয়।
- (১৮) পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্য: প্রযোজ্য নয়।
- (১৯) শিক্ষা সংক্রান্ত তথ্য: প্রযোজ্য নয়।
- (২০) স্বাস্থ্য সংক্রান্ত তথ্য (স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।
- (২১) জনশক্তি রপ্তানি সংক্রান্ত তথ্য (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।
- (২২) হজ্জ সংক্রান্ত তথ্য (ধর্ম মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।
- (২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে): প্রযোজ্য নয়।
- (২৪) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়


20/9/22

মো: তোহিদ হাসানাত খান
অতিরিক্ত সচিব
(সিনিয়র সচিবের রুটিন দায়িত্ব)
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়